

...

সভাপতি	মোঃ আজহারুল আমিন অতিরিক্ত পরিচালক
সভার তারিখ	০৫/০৮/২০২১ খ্রিঃ
সভার সময়	বেলা ১১:০০ ঘটিকা
স্থান	জুম প্লাটফর্ম
উপস্থিতি	সংযুক্তি-০১ অনুযায়ী

গত ০৫/০৮/২০২১ খ্রিঃ তারিখ অনুষ্ঠিত বিএলআরআই-এর বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) সংক্রান্ত সভার কার্যবিবরণী

গত ০৫ আগস্ট, ২০২১ খ্রিঃ তারিখ বেলা ১১:০০ ঘটিকায় বিএলআরআই এর অতিরিক্ত পরিচালক মোঃ আজহারুল আমিন এর সভাপতিত্বে জুম প্লাটফর্মে এপিএ মূল্যায়ন কমিটির একটি সভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত সদস্যদের তালিকা নিম্নরূপ।


ক্রমিক নং	নাম	পদবি
০১।	মোহাম্মদ লুৎফুল হক	সিস্টেম এনালিস্ট
০২।	ড. মোঃ জিল্লুর রহমান	পিএসও
০৩।	ড. সরদার মোহাম্মদ আমানুল্লাহ	পিএসও
০৪।	মোঃ রেজাউল হাই রাকিব	এসএসও
০৫।	মোঃ আল-মামুন	লাইব্রেরিয়ান
০৬।	দেবজ্যোতি ঘোষ	তথ্য কর্মকর্তা

সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যদেরকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভায় কমিটির সদস্য মোঃ আল-মামুন, লাইব্রেরিয়ান মংস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের সাথে সম্পাদিত ২০২১-২০২২ অর্থ বছরের এপিএ চুক্তির বিস্তারিত উপস্থাপন করেন। এপিএ পরিকল্পনা বাস্তবায়নের জন্য নির্ধারিত সময়ের মধ্যে সকল কার্যাবলি সম্পন্ন করার নির্দেশনা দেন সভাপতি। সভায় নিম্নোক্ত সিদ্ধান্ত বা সুপারিশসমূহ গ্রহণ করা হয়।

সিদ্ধান্ত/সুপারিশসমূহঃ

ক্রমিক নং	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
০১	২০২১-২০২২ অর্থ বছরের এপিএ চুক্তির 'সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ' অংশের ১.১, ১.২, ১.৩, ১.৪ ও ১.৫ সম্পর্কে পরবর্তী সভায় বিস্তারিত আলোচনার সিদ্ধান্ত গৃহীত হয়।	পরিকল্পনা বিভাগ
০২	সকল তথ্য যথা সময়ে ওয়েবসাইটে প্রকাশ করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	সিস্টেম এনালিস্ট
০৩	ইনস্টিটিউটের সকল বিভাগের এপিএ সংক্রান্ত মাসিক প্রতিবেদন প্রতিমাসের ০১ তারিখের মধ্যে প্রদান করার জন্য একটি তাগিত পত্র প্রদানের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	প্রশাসন
০৪	শুদ্ধাচার সংক্রান্ত কমিটির ফোকাল পয়েন্ট নির্ধারণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।	প্রশাসন

আর কোন বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকল কর্মকর্তাকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।



মোঃ আজহারুল আমিন
অতিরিক্ত পরিচালক


স্মারক নম্বর: ৩৩.০৫.২৬৭২.২০৭.০৬.০০১.১৮.৪৮

তারিখ: ১ ভাদ্র ১৪২৮

১৬ আগস্ট ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট
- ২) প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, ছাগল ও ভেড়া উৎপাদন গবেষণা বিভাগ, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট
- ৩) প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব), প্রশিক্ষণ, পরিকল্পনা, এবং প্রযুক্তি পরিবীক্ষণ বিভাগ, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট
- ৪) উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, প্রশিক্ষণ, পরিকল্পনা, এবং প্রযুক্তি পরিবীক্ষণ বিভাগ, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট
- ৫) উর্ধ্বতন প্রশিক্ষণ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব), প্রশিক্ষণ, পরিকল্পনা, এবং প্রযুক্তি পরিবীক্ষণ বিভাগ, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট
- ৬) নির্বাহী প্রকৌশলী, প্রকৌশল শাখা, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট
- ৭) তথ্য কর্মকর্তা, প্রকাশনা ও জনসংযোগ শাখা, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট
- ৮) হিসাবরক্ষণ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব), হিসাব শাখা, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট
- ৯) পিএ, মহাপরিচালক-এর দপ্তর, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট



মোঃ আল-মামুন
লাইব্রেরিয়ান